# গত সাতদিন

## (১০.১০.২০১৪–১৭.১০.২০১৪)

২০০০ ডেস্ক

### রাজনীতি

**মন্ত্রিত্ব হারালেন লতিফ সিদ্দিকী**

পবিত্র হজ নিয়ে আপত্তিকর মন্তব্য এবং প্রধানমন্ত্রীর পুত্র সম্পর্কে কটূক্তি করার ১৫ দিন পর মন্ত্রিত্ব ও দলীয় পদ হারালেন আবদুল লতিফ সিদ্দিকী। সংবিধান অনুযায়ী মন্ত্রী হিসেবে তার নিয়োগ অবসান ঘটানো হয়েছে।

১২ অক্টোবর দুপুরে মন্ত্রিসভা থেকে অব্যাহতি দেয়ার ৬ ঘণ্টা পর রাতে দল থেকেও বাদ দেয়া হয় আওয়ামী লীগের এই প্রভাবশালী নেতাকে। আওয়ামী লীগের কার্যনির্বাহী কমিটির বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী, তাকে দলের নীতিনির্ধারণী সর্বোচ্চ ফোরাম প্রেসিডিয়াম থেকে অব্যাহতি দেয়া হয়। একই সঙ্গে দলের প্রাথমিক সদস্যপদ সাময়িক স্থগিত করা হয়েছে। কেন তাকে চূড়ান্তভাবে বহিষ্কার করা হবে না, তা জানতে গঠনতন্ত্র মোতাবেক সাত দিনের মধ্যে কারণ দর্শাতে বলা হয়েছে। এসব সিদ্ধান্ত নেয়ার সময় লতিফ সিদ্দিকী দেশের বাইরে ছিলেন।

### আইন-আদালত

**ইয়াবা সম্রাট বদি এমপি কারাগারে**

জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা মামলায় কক্সবাজার-৪ (উখিয়া-টেকনাফ) আসনের আওয়ামী লীগের দলীয় এমপি ইয়াবা সম্রাট হিসেবে খ্যাত আবদুর রহমান বদিকে কারাগারে পাঠিয়েছে আদালত।

দুদকের করা মামলায় ১২ অক্টোবর সকালে ঢাকার মুখ্য মহানগর হাকিম আদালতে আত্মসমর্পণ করে জামিনের আবেদন করেন বদি। শুনানি শেষে মহানগর হাকিম মারুফ হোসেন বেলা ১১টার দিকে জামিন আবেদন নাকচ করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন।

ঈদ শেষে কর্মস্থলে ফিরতে বরাবরের মতো মানুষকে নৌ, রেল ও সড়ক পথে দুর্ভোগ পোহাতে হয়েছে। ছবিতে এভাবেই জীবনের ঝুঁকি নিয়ে বিলম্বিত যাত্রায় ফিরছে মানুষ

**মির্জা ফখরুলের বিরুদ্ধে চার্জ গঠন পেছাল**

রাজধানীর পল্টন ও শাহবাগ থানার পৃথক দুটি গাড়ি ভাঙচুর ও অগ্নিসংযোগের মামলায় বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও ব্যারিস্টার মওদুদ আহমদসহ বিএনপি জোটের ৬৭ নেতা-কর্মীর বিরুদ্ধে অভিযোগ (চার্জ) গঠনের শুনানি পিছিয়েছে। আসামি পক্ষের আইনজীবীদের সময় আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকা মহানগর হাকিম মোহাম্মদ মইনুল ইসলাম অভিযোগ গঠনের শুনানি পিছিয়ে আগামী ৫ নভেম্বর ধার্য করেন।

### সড়ক দুর্ঘটনা

**১০ জেলায় নিহত ২৭**

১০ জেলায় পৃথক ১৫ সড়ক দুর্ঘটনায় ২৭ জন নিহত ও অন্তত ৮৫ জন আহত হয়েছে। গত ১২ ও ১১ অক্টোবর রাতে সংঘটিত এসব দুর্ঘটনার বেশিরভাগই ঘটেছে দুই গাড়ির সংঘর্ষে। বেপরোয়া গাড়ি চালনা ও এবড়ো-খেবড়ো সড়ক-মহাসড়কের জন্যই প্রধানত সড়ক দুর্ঘটনাগুলো ঘটে বলে প্রাথমিকভাবে জানা গেছে। এর মধ্যে কুমিল্লার চৌদ্দগ্রামে বাস-ট্রাক মুখোমুখি সংঘর্ষে ৮, নাটোরে বাসের সঙ্গে ইজিবাইকের সংঘর্ষে ৫, ফেনীতে গাছের সঙ্গে বাসের ধাক্কায় ৩ এবং কুড়িগ্রামে বাস-অটোরিকশার সংঘর্ষে ৩ জন প্রাণ হারান। বাকি দুর্ঘটনাগুলো ঘটে সাতক্ষীরা, চাঁদপুর, গাইবান্ধা, যশোর, বাগেরহাট ও নেত্রকোনায়।

### মানবতাবিরোধী অপরাধ

**তিন আসামির বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানি ২০ অক্টোবর**

মানবতাবিরোধী অপরাধের অভিযোগে বাগেরহাটের শেখ সিরাজুল হক ওরফে সিরাজ মাস্টার, আবদুল লতিফ তালুকদার ও খান মোহাম্মদ আকরাম হোসেনের বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানির জন্য ২০ অক্টোবর তারিখ ধার্য করা হয়েছে। ১২ অক্টোবর বিচারপতি এম ইনায়েতুর রহীমের নেতৃত্বাধীন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ দিন ধার্য করে এ আদেশ দেয়। এদিন শুনানি অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। তবে আসামিপক্ষ সময়ের আবেদন করে। আবেদনের পরিপ্রেক্ষিতে এ সময় দেয়া হয়।

### প্রাকৃতিক দুর্যোগ

**অন্ধ্র-উড়িষ্যা প্রদেশে আছড়ে পড়েছে হুদহুদ**

ভারতের অন্ধ্র প্রদেশ ও উড়িষ্যার উপকূলে আছড়ে পড়েছে শক্তিশালী ঘূর্ণিঝড় হুদহুদ। ১২ অক্টোবর বেলা ১১টার দিকে ১৯০ কিলোমিটার বেগে হুদহুদ আছড়ে পড়ে অন্ধ্র

প্রদেশের বিশাখাপত্তম ও শ্রীকাকুলামে। ঝড়ের কবলে পড়ে এ প্রদেশে তিনজন নিহত হয়েছে। উড়িষ্যায়ও মৃত্যু হয় দুজনের। হুদহুদের প্রভাবে সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে বিশাখাপত্তম, শ্রীকাকুলাম বিজয়নগরের উপকূলবর্তী এলাকায়। এর প্রভাবে ভারী বৃষ্টিপাত হয়।

## অপরাধ

### সৎ মায়ের নৃশংসতায় ৬ বছরের শিশু খুন

ছয় বছরের শিশু মাইমুনাকে হত্যা করেছে তার সৎ মা সুমাইয়া। ১০ অক্টোবর রাজধানীর যাত্রাবাড়ীর ধলপুরে এ ঘটনা ঘটে। ওইদিন মাইমুনা রাতে তার সৎ মায়ের সঙ্গে ঘুমাতে গিয়েছিল। রাতে সৎ মা সুমাইয়া ইসলাম শারমিন তাকে হত্যা করে। যাত্রাবাড়ীর পুলিশ ধলপুরের খালেকুজ্জামান গলির ৯৪/১১ নম্বর বাড়ির চারতলার বাথরুমের ড্রাম থেকে হাত ভাঙা ও ঘাড় মটকানো মাইমুনার লাশ উদ্ধার করে।

## জনজীবন

### বিদ্যুৎ সঙ্কট সারাদেশে

হঠাৎ করেই তীব্র বিদ্যুৎ সঙ্কট দেখা দিয়েছে। দেশের বিভিন্ন স্থানে ঈদের দিন রাত থেকেই এ সঙ্কট দেখা যায়। তীব্র বিদ্যুৎ সঙ্কটের কারণে ফুঁসে উঠছে জনগণ, ভাঙচুর করছে তারা, ক্ষতি হচ্ছে রাষ্ট্রীয় সম্পদের। ঈদের পর কলকারখানা চালু হওয়ায় লোডশেডিং বেড়েছে, এতে বিদ্যুতের চাহিদা আরো বাড়বে। গাজীপুরে পল্লীবিদ্যুতের লোডশেডিং এখন চরম আকার ধারণ করেছে। একই অবস্থা মাগুরা ও ঝিনাইদহে। বিদ্যুতের দাবিতে ঢাকা-মাওয়া মহাসড়কের লৌহজং উপজেলার রাস্তা অবরোধ করা হয়েছে।

## অর্থনীতি

### শুল্ক-অশুল্ক বাধায় ক্ষতিগ্রস্ত ভারতে পণ্য রফতানি

২০১৩-১৪ অর্থবছরে বাংলাদেশ থেকে ভারতে রফতানি কমেছে ৪ হাজার ৫০৭ কোটি টাকার পণ্য। পক্ষান্তরে ভারত থেকে বৈধ পথে পণ্য আমদানি হয়েছে ৩৮ হাজার ১৬০ কোটি টাকার। এতে বাংলাদেশের দ্বিপক্ষীয় বাণিজ্য ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে ৩৩ হাজার ৬৫৩ কোটি টাকা। অর্থাৎ বাংলাদেশ যে পরিমাণ রফতানি করে, আমদানি করে তার আটগুণ। এছাড়া অবৈধ পথে ভারত থেকে পণ্য আসে বৈধ আমদানির তিনগুণ।

বাংলাদেশ-ভারত দ্বিপক্ষীয় বাণিজ্যের এই বিপুল ভারসাম্যহীনতা দূর করতে গত মাসে রাজধানীতে অনুষ্ঠিত হয় ভারত-বাংলাদেশ বিজনেস কনক্লেভ। এতে শুল্ক বাধার পাশাপাশি অসংখ্য অশুল্ক ও অর্ধশুল্ক বাধা দূর করার অঙ্গীকার করা হয়।

## পররাষ্ট্র

### আন্তর্জাতিক অঙ্গনে ব্যস্ত প্রধানমন্ত্রী

আন্তর্জাতিক অঙ্গনে ব্যস্ত সময় কাটাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিশ্বের বিভিন্ন ফোরামে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করা, পাশাপাশি দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে জোর তৎপরতা চালাচ্ছেন তিনি। মাত্র কয়েকদিন আগে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য সফর থেকে দেশে ফেরার পর দশম আসেম সম্মেলনে যোগ দিতে ১৫ অক্টোবর ইতালির উদ্দেশে ঢাকা ছাড়ছেন তিনি। এরপর চলতি মাসের শেষ সপ্তাহে ২ দিনের সফরে সংযুক্ত আরব আমিরাতে যাবেন তিনি। নভেম্বরে তিনি নেপালে অনুষ্ঠিতব্য সার্ক শীর্ষ সম্মেলন এবং ডিসেম্বরে মালয়েশিয়া সফরে যাবেন। এসব সফরে কূটনৈতিক যোগাযোগ বাড়ানোর পাশাপাশি জনশক্তি রফতানির বিষয়টি বিশেষ প্রাধান্য পাবে।

## শিক্ষা

### জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকছে না সরকারি কলেজ

ডিগ্রি, অনার্স ও মাস্টার্সের পাঠদানকারী দেশের সরকারি কলেজগুলো আর জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকছে না। সেশনজট নিরসনের লক্ষ্যে বিভাগীয় পর্যায়ের পুরনো বিশ্ববিদ্যালয়ের অধীনে এসব কলেজ ছেড়ে দেয়া হচ্ছে। প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে শিক্ষা মন্ত্রণালয় এ ব্যবস্থা নিতে যাচ্ছে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম সীমিত করার অংশ হিসেবে এসব করা হচ্ছে। এই সিদ্ধান্ত বাস্তবায়নের পর থেকে জাতীয় বিশ্ববিদ্যালয় শুধু স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের বেসরকারি কলেজগুলো পরিচালনা করবে। ২ অক্টোবর শিক্ষা সচিব জাতীয় বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম সীমিত করে আনার এ নির্দেশনাসহ মোট ৯ দফা নির্দেশনা সংবলিত 'আনঅফিসিয়াল নোট' জারি করেন। ■

## সপ্তাহের উক্তি

'আবদুল লতিফ সিদ্দিকী আমাদের সফরসঙ্গী ছিলেন না।' –শেখ হাসিনা, প্রধানমন্ত্রী গণভবনে আওয়ামী লীগের কার্যনির্বাহী কমিটির সঙ্গে বৈঠককালে। (ইত্তেফাক, ১৩ অক্টোবর)

'অপেক্ষা করেন আরো শক্ত কথা বলব, ধর্মদ্রোহী হব।' আবদুল লতিফ সিদ্দিকী, সাবেক ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী দৈনিক সমকালকে দেয়া একান্ত সাক্ষাৎকারে। (দৈনিক সমকাল, ১৩ অক্টোবর)

'এ কে খন্দকার ও লতিফ সিদ্দিকী বয়সপ্রতিবন্ধী।' প্রমোদ মানকিন, সমাজকল্যাণ প্রতিমন্ত্রী জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক আলোচনা সভায়। (আমাদের সময়, ১৩ অক্টোবর)

'মন্ত্রী-এমপিরা এভাবে সততার সনদ পেলে দুর্নীতি বাড়বে।' ড. ইফতেখারুজ্জামান, নির্বাহী পরিচালক, টিআইবি দৈনিক যুগান্তরকে দেয়া একান্ত সাক্ষাৎকারে। (যুগান্তর, ১০ অক্টোবর)

'কোনো সভ্য দেশে হাসপাতাল অবরুদ্ধ করে গরুর হাট বসে এমনটা আমার জানা নেই।' ডিএম আরমান, নিউরো সার্জন, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স প্রথম আলোকে দেয়া সাক্ষাৎকারে। (প্রথম আলো, ৫ অক্টোবর)

'ফেরিতে ওঠার আগে ১৪ ঘণ্টা পার হয়ে গেছে, কখন ফেরিতে উঠব জানি না।' মিরাজ হোসেন, ট্রাকচালক, দৌলতদিয়া ঘাট, রাজবাড়ী দৌলতদিয়া ঘাটে যানজট নিয়ে প্রতিক্রিয়ায়। (প্রথম আলো, ৪ অক্টোবর)